যুগান্তর

তারিখ 20 JUN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# ভিকারুন্নিসায় অধ্যক্ষ পদে সেনা কর্মকর্তা চেয়ে রিট

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ পদে মেজর জেনারেলের নিচে নয় এমন একজন সেনা কর্মকর্তা নিয়োগের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। রোববার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইউনুছ আলী আকন্দ এ রিট আবেদন করেন।

বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি মো. ইকবাল কবিরের হাইকোর্ট বেঞ্চে চলতি সপ্তাহে এ আবেদনের শুনানি হতে পারে। রিট আবেদনে শিক্ষা সচিব, প্রতিরক্ষা সচিব, দুর্নীতি দমন কমিশন ও স্কুল কর্তৃপক্ষকে আবেদনে বিবাদী করা হয়েছে। ইউনুছ আলী জানিয়েছেন, রিটে চারটি বিষয়ে নির্দেশনা চাওয়া হয়েছে। এর মধ্যে ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের জন্য ডে শিফট না খোলা, মেজর জেনারেলের নিচে নয় এমন একজন সেনা কর্মকর্তাকে অধ্যক্ষ নিয়োগ, ভিকারুন্নিসার ব্যাংক হিসাব তদন্ত করা, একাদশ শ্রেণীতে সরকার নির্ধারিত ফির অতিরিক্ত ফি না নেয়া।

ইউনুছ আলী আকন্দ বলেন, ভিকারুন্নিসায় প্রায় এক যুগ ধরে কোনো অধ্যক্ষ নেই। অধ্যক্ষ নিয়োগের ব্যবস্থা না করে ভারপ্রাপ্ত দিয়ে একেকটি কমিটি বাণিজ্য করছে। সরকারের অনুমোদন ছাড়া এ বছর থেকে ডে শিফট শাখা খুলে বাণিজ্য চালাচ্ছে। তাছাড়া ডে শিফট হলে মেয়েরা বাড়ি ফিরতে রাত হবে। তখন নিরাপত্তা সংকট দেখা দেবে।